# প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

৬৮: রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামকে কি মসজিদের ভেতরে দাফন করা হয়েছিল?

রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কে মূলতঃ আয়েশা (রাদিয়াল্লাহু ‘আনহা)-এর কামরায় দাফন করা হয়েছিল। দাফনের পর ৮০ বছরেরও বেশী সময় পর্যন্ত রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম-এর কবর মসজিদের বাইরেই ছিল। এরপর একজন উমাইয়া খলীফা মসজিদে নববী সম্প্রসারণ করলে আয়েশা (রাদিয়াল্লাহু ‘আনহা)-এর কামরা মসজিদের ভেতরে পড়ে যায়। উল্লেখ্য যে, তৎকালীন আলেমগণ কর্তৃক উক্ত কামরা মসজিদের ভেতরে প্রবেশ করানোর বিরোধিতা খলীফা গ্রাহ্য করেননি। রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কবরের উপরে মসজিদ নির্মাণ থেকে সতর্ক করে বলেন, “সাবধান! তোমাদের পূর্ববর্তীরা তাদের নবী এবং নেককার মুমিনগণের কবরসমূহকে মসজিদ হিসাবে গ্রহণ করতো! খবরদার! তোমরা কবরসমূহকে মসজিদ হিসাবে গ্রহণ করো না। কেননা আমি তোমাদেরকে এ কাজ থেকে নিষেধ করছি” (মুসলিম)। রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম কবরের উপরে মসজিদ নির্মাণকারী এবং বাতি প্রজ্জ্বলনকারীদেরকে অভিসম্পাত করেছেন (সুনানে আরবা‘আহ)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1552

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন